

## মার্বা আকাশে সংঘর্ষে ২ হেলিকপ্টার বিধ্বস্ত

- A Monitor Desk Report

Date: 29 December, 2025



ঢাকাঃ যুক্তরাষ্ট্রের নিউ জার্সি অঙ্গরাজ্যের আকাশে উড্ডয়নকালে দুটি হেলিকপ্টারের মধ্যে মুখোমুখি সংঘর্ষের এক মর্মান্তিক দুর্ঘটনায় একজন পাইলট নিহত হয়েছেন।

স্থানীয় সময় রবিবার (২৮ ডিসেম্বর) সকাল ১১টা ২৫ মিনিটে হামোন্টন মিউনিসিপ্যাল এয়ারপোর্টের আকাশসীমায় এই দুর্ঘটনা ঘটে।

ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ) নিশ্চিত করেছে যে, সংঘর্ষে লিপ্ত হেলিকপ্টার দুটি ছিল এক্সট্রিম এফ-২৮এ এবং এক্সট্রিম ২৮০সি মডেলের। প্রতিটি হেলিকপ্টারে কেবল ১জন করে পাইলট অবস্থান করছিলেন।

মার্বাআকাশে সজোরে ধাক্কা লাগার পর একটি হেলিকপ্টার দ্রুত ঘুরতে ঘুরতে মাটির দিকে আছড়ে পড়ে এবং অপরটি বিধ্বস্ত হয়। এই ঘটনায় ঘটনাস্থলেই ১ পাইলটের মৃত্যু হয় এবং অন্যজনকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়েছে।

হামোন্টন পুলিশের প্রধান কেভিন ফ্রিল সংবাদমাধ্যমকে জানান যে, দুর্ঘটনার খবর পাওয়ার পরপরই জরুরি উদ্ধারকারী দল, পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছান। বিধ্বস্ত হওয়ার পর একটি হেলিকপ্টারে আগুন ধরে গেলে ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত তা নিয়ন্ত্রণে আনেন।

প্রত্যক্ষদর্শীদের বর্ণনা অনুযায়ী, আকাশে দুটি আকাশযানের মধ্যে সংঘর্ষের পর একটি হেলিকপ্টার নিয়ন্ত্রণ হারিয়ে মাটির দিকে আছড়ে পড়তে দেখা যায়। আটলান্টিক কাউন্টির এই হামোন্টন শহরটি মূলত কৃষিভিত্তিক ঐতিহ্যের জন্য পরিচিত এবং এটি ফিলাডেলফিয়া থেকে প্রায় ৩৫ মাইল দক্ষিণ-পূর্বে অবস্থিত।

দুর্ঘটনার পর পুরো বিমানবন্দর এলাকাটি সাধারণ মানুষের চলাচলের জন্য সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে।

এই ভয়াবহ দুর্ঘটনার কারণ উদ্ঘাটনে ইতিমধ্যে উচ্চপর্যায়ের তদন্ত শুরু হয়েছে। ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ) এবং ন্যাশনাল ট্রান্সপোর্টেশন সেফটি বোর্ড (এনটিএসবি) যৌথভাবে বিষয়টি খতিয়ে দেখছে।

তদন্তকারীরা খতিয়ে দেখছেন যে, এটি কোনো যান্ত্রিক ত্রুটির কারণে হয়েছে নাকি পাইলটদের মধ্যে যোগাযোগের কোনো ঘাটতি ছিল। বিমানবন্দর কর্তৃপক্ষের দেওয়া তথ্যমতে, উড্ডয়নের সময় এয়ার ট্রাফিক কন্ট্রোলার নির্দেশনায় কোনো বিচ্যুতি ছিল কি না সেটিও গুরুত্বের সাথে দেখা হচ্ছে। তবে আকাশ পরিষ্কার থাকা সত্ত্বেও কীভাবে এমন মুখোমুখি সংঘর্ষ হলো, তা নিয়ে ধোঁয়াশা সৃষ্টি হয়েছে।

যুক্তরাষ্ট্রে আকাশপথে এমন দুর্ঘটনা এবারই প্রথম নয়। এর আগে গত জানুয়ারিতে ওয়াশিংটন ডিসিতে একটি সামরিক হেলিকপ্টারের সঙ্গে যাত্রীবাহী বিমানের সংঘর্ষে ৬৭ জন নিহত হওয়ার একটি ভয়ংকর ঘটনা ঘটেছিল। সেই দুর্ঘটনার রেশ কাটতে না কাটতেই নিউ জার্সিতে এই হেলিকপ্টার সংঘর্ষের ঘটনায় আকাশপথের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে।

তদন্ত সংশ্লিষ্টরা জানিয়েছেন, তদন্তের প্রাথমিক প্রতিবেদন হাতে পেতে কিছুদিন সময় লাগতে পারে এবং নিহত ও আহত পাইলটদের পরিচয় এখনো আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়নি।

-B